

দাম্পত্য সমস্যা এবং মেরিটাল থেরাপির ভূমিকা

কবির এবং জয়ার পারিবারিক পছন্দে বিয়ে। বিয়ের প্রথম থেকে জয়ার মনে হয় কবিরের অন্য কারো সাথে অনেক সম্পর্ক আছে। এটা নিয়ে তাদের মধ্যে প্রায়ই কথা কাটাকাটি হয়। কবিরের মনে হয় জয়ার সংসারের কাজে কাজে মন নাই এবং সে বাচ্চার দেখা শোনা ঠিক মতো করে না এবং প্রচুর মিথ্যা বলে। জয়া মনে করে কবির তার উপর জোর করে সব চাপিয়ে দেয়, যানুমের সামনে অপমান করে, বাবা মার কাছে ওর নামে বদনাম করে। দুজনের কেউই গভীরে বিষয়স করতে পারেন। আজকাল কথাকাটির এক পর্যায়ে একে অপরের গায়ে হাত তোলার ঘটনাও ঘটছে।

জেরিন এবং জারিফ। দুজনের বয়সের পরিবার অনেক। যে কোন বিষয়ই জারিফ জরিবের উপর চাপিয়ে দেয়। জারিফদের যৌথ পরিবার জেরিনকে পুরো পরিবারের দেখাশুনা করতে হয়। জারিফ খফিস থেকে ফিরে অনেক রাতে এসেই পরিবারের সাথে সময় ব্যয় করে। জেরিন অনেকবার বলার পরও জারিফের মধ্যে কোন পরিবর্তন না দেখে হতাশ হওয়ায় প্রতিদিন অফিস থেকে আসার পর জেরিন এই বিষয় নিয়ে বাগারাগি করে। এক পর্যায়ে জেরিন ঘুমের ওষুধ থেকে আতঙ্গত্যার চেষ্টা করে।

কোন এবং জাহিদ সাত চলছে। বিয়ের শুরু থেকে তাদের মধ্যে নানা বিষয় নিয়ে মত পার্থক্য লেগেই আছে। বিয়ের পর থেকেই অভিযোগ জাহিদ তাকে শময় দিচ্ছে না তার চেয়ে বরং বাড়ির অন্যদের প্রতি বেশী গুরুত্ব দিচ্ছে। জাহিদের ধারণা কুনা বেশী প্রত্যাশা করছে তার কাছে। কুনা এবং জাহিদ দুজনেই মনে হচ্ছে তারা একে অপরকে বুঝতে পারছেন, যে কোন বিষয়ই গরা মার একমত হতে পারছেন। বিয়ের সাত মাসের মাথায় তারা সিদ্ধান্ত তাল আলাদা হয়ে যাওয়ার।

পরের কেস তিনির মতো নানা ধরণের দাম্পত্য সমস্যা আমাদের সমাজে অনেক প্রবল। প্রতিটি স্বামী স্ত্রীর মধ্যে মতের অলিম হয় কোন না কোন বিষয়ে কিন্তু যখন এই সমস্যা গুলো দীর্ঘ সময় ধরে চলতে থাকে তখন এটা সমস্যা হিসেবে পরিগণিত হয়। অনেক ক্ষেত্রে দেখা যায় স্বামী স্ত্রীর কেউই চান্দার জন্য এই সমস্যা সমাধানে আগ্রহী হন না, আবার অনেক সময় একজন চান্দার আগ্রহী হলেও অন্যজন সমস্যার জন্য অপরজনকে দায়ী করে সমস্যার সমাধানে কাজ করতে অনগ্রহ প্রকাশ করে। এরফলে সমস্যা সমাধানের দলে বেড়ে যায়।

য সমস্ত বিষয় নিয়ে সাধারণত দাম্পত্য কলহ দেখা যায় সেগুলো হলো:

- একে অপরের প্রতি মাত্রাত্তিরিক প্রত্যাশা
 - স্বামী স্ত্রীর ভূমিকা নিয়ে প্রত্যাশা
 - বিবাহ পরবর্তী শারিক ও মানসিক নির্যাতন
 - বিবাহিত জীবনে নানা বিষয় নিয়ে অসম্পৃষ্টি
 - বাস্তিগত গোপনীয়তায় হস্তক্ষেপ
 - যোগাযোগ অদক্ষতা
 - শুন্দর বাচ্চার স্থথে সমস্যা
 - বিপরীতমূর্যী বাস্তিত্ব
 - মানসিক অসুস্থিতা
 - অবিশ্বাস
 - যৌন সমস্যা
 - পেশাগত দ্বন্দ্ব
 - আর্থিক সমস্যা
 - দায়িত্ব বন্টন
 - হিংসা
 - নেশা গ্রহণ
 - বিনোদনের বিষয় নিতে মতভেদ ইত্যাদি।
- এই ধরণের সমস্যার ক্ষেত্রে ক্লিনিক্যাল সাইকোলজিস্ট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ক্লিনিক্যাল সাইকোলজিস্ট মেরিটাল থেরাপির (Marital Therapy) মাধ্যমে এই সমস্ত দাম্পত্য সমস্যা নিয়ে কাজ করে থাকেন। এক্ষেত্রে বিভিন্ন ধরণের মনোবৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করা হয় যাতে করে স্বামী এবং স্ত্রীর মধ্যে যে বিষয় নিয়ে সমস্যা তা দূর করা সম্ভব হয়। এ ক্ষেত্রে স্বামী স্ত্রী দুজনকে একই সাথে কাউসেলিং সেশন এ অংশগ্রহণ করতে হয়। অনেক ক্ষেত্রে স্বামী স্ত্রীর দুজনের কারো ব্যক্তিগত সমস্যা সমাধানে আরেকজন কো-থেরাপিস্ট নিয়োগ করা হয়।
- ভাল বৈবাহিক সম্পর্ক টিকিয়ে রাখার জন্য কিছু কৌশল
- যে কোন সমস্যা তৈরী হলে তা নিয়ে খোলামেলা আলোচনা করে সমাধান করা।
 - অতীতের তিক্ত অভিজ্ঞাণগুলো বার বার মনে না করা।
 - একে অন্যকে খোঁচা মেরে কথা না বলা।
 - নিশ্চিত প্রমাণ ছাড়া অন্যকে সন্দেহ না করা।
 - একে অপরকে দোষ না দেয়া।
 - স্বামী বা স্ত্রী কারো কোন ধরণের মানসিক সমস্যা থাকলে তার চিকিৎসা করানো।
 - স্বামী-স্ত্রীর মধ্যে যৌন সম্পর্কের ক্ষেত্রে কোন সমস্যা থাকলে তার জন্য প্রয়োজনে চিকিৎসা নেয়া মাঝে মাঝে স্বামী-স্ত্রী দুজনে মিলে কিছু অনন্দময় সময় ব্যায় করা।
 - একজন আরেকজনের ভাল কাজের প্রশংসা করা।
 - একজন অন্যজনকে বিভিন্ন সময়ে উপহার দেয়া।
 - স্বামী বা স্ত্রীর প্রতি যত্ন ও ভালোবাসা প্রকাশিত হয় এমন কিছু সূজনশীল কাজ করা।
 - স্বামী স্ত্রী দুজনে মিলে অতীতের সুখ স্মৃতির রোমান্ত করা।
 - একে অন্যের কথা মনোযোগ দিয়ে শুনা।
 - মনের মধ্যে কষ্ট, রাগ বা যে কোন খারাপ লাগা চেপে না থেকে প্রকাশ করা।
 - মনের মধ্যে ভাল লাগা তৈরী হলে তাও প্রকাশ করা।
 - স্বামী-স্ত্রী একে অন্যকে পছন্দনীয় কোন নামে ডাকা।
 - একে অন্যের প্রতি সন্মুখ প্রদর্শন।
 - একজন অন্যজনকের উপর দাবী বা হকুম না করে বরং একে অপরকে অনুরোধ করা।
 - কোন বিষয় নিয়ে সমস্যা হলে ওই বিষয় নিয়েই কথা বলা প্রসঙ্গের বাইরে না যাওয়া।
- পরিশেষে বলা যায়, যে দাম্পত্য সমস্যা জিইয়ে না রেখে এটা নিয়ে যত দ্রুত সম্ভব কাজ করা উচিত। এক্ষেত্রে স্বামী এবং স্ত্রী দুজনকেই সমস্যা সমাধানের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে।

ইশরাত শারমীন রহমান, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট, ন্যাশনাল ট্রিমা কাউসেলিং সেন্টার